



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌ বাণিজ্য দপ্তর  
সরকারী কার্যভবন-১, আত্রাবাদ, চট্টগ্রাম  
ফোন: ৭২৪১৪০, ৭২১৯০২, ফ্যাক্স : ৭২৪৯৫৪  
ই-মেইল: [mmdctgbd@gmail.com](mailto:mmdctgbd@gmail.com)

নং-৪০২.০১২.০৩১.০০.০০.০৭৩/২০১৫

০২.০৫.২০১৯ খ্রিঃ

## অফিস আদেশ

**বিষয়: অতি-প্রবল ঘূর্ণিঝড় “ফণি”-র প্রেক্ষিতে প্রস্তুতি গ্রহণের জন্য জরুরী সভা।**

আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী অতি প্রবল ঘূর্ণিঝড় “ফণি” দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে অবস্থান করছে। ইতোমধ্যে, নৌ-বাণিজ্য দপ্তর থেকে, গতকাল ১ মে ২০১৯ তারিখে (মে দিবস) বাংলাদেশ বেতারে প্রচারের জন্য বার্তা প্রেরণ, দপ্তর/বাতিঘরের সকলকে সচেতন করার জন্য আদেশ জারী এবং সীতাকুণ্ডে শিপ ব্রেকিং ইয়ার্ডের জন্য সাবধানতামূলক পরামর্শ প্রদান করা হয়েছে। নৌ-বাণিজ্য দপ্তরে আজ ২ মে ২০১৯ তারিখ দুপুর ২ টায়, সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে এই দপ্তরের প্রস্তুতি ও করণীয় সম্পর্কে ডাকা জরুরী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

- নৌপরিবহন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী দপ্তরের সকলের ছুটি বাতিল করে কর্মস্থলে সংশ্লিষ্ট থাকার জন্য নির্দেশ প্রদান করা হল।
- ৩-৪ মে ২০১৯, শুক্রবার ও শনিবার অফিস খোলা থাকবে।
- আপদকালীন সময়ের জন্য নৌ-বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম ও নৌ-বাণিজ্য দপ্তর, খুলনায় সার্বক্ষণিক যোগাযোগের জন্য সেল গঠন করা হয়েছে; ফোন নম্বরসমূহ: ০৩১-৭২৪১৪০ (চট্টগ্রাম), ০১৭৫৪-৯৯৩৭৪৭ (চট্টগ্রাম) এবং ০১৭৪২-৭১২৬৩৩ (খুলনা)।
- বাতিঘর/দপ্তরের যাবতীয় যন্ত্রাংশ, বৈদ্যুতিক সরঞ্জাম, গ্যাস সিলিণ্ডার, তেলের ড্রামসহ যাবতীয় সরঞ্জামাদি সর্বোচ্চ সতর্কতাসহ নিরাপদে সংরক্ষণ করতে হবে।

নৌপ্রকৌ. সাজিদ হোসেন  
চার্টার্ড মেরিন ইঞ্জিনিয়ার  
প্রিন্সিপ্যাল অফিসার

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

১. সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, নৌ পরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪. চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৫. চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী।
৬. পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।